



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস বিজ্ঞপ্তি

১৭ ডিসেম্বর, ২০২৩

বাউবিতে ব্লেণ্ডেড লার্নিং শীর্ষক কর্মশালা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুলের উদ্যোগে ওপেন এডুকেশনাল রিসোর্স ব্যবহার করে ব্লেণ্ডেড লার্নিং এর ওপর শিক্ষকদের পেশাগত উন্নয়নের লক্ষ্যে তিনদিন ব্যাপী এক কর্মশালা ১৭ ডিসেম্বর ২০২৩ রবিবার থেকে বাউবির গাজীপুর ক্যাম্পাসে শুরু হয়েছে। কমন ওয়েলথ অব লার্নিং এর অঙ্গসংগঠন দিল্লীর commonwealth educational media centre for Asia (CEMCA) এই কর্ম শিবিরের আর্থিক এবং কারিগরি সহায়তা প্রদান করছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ূন আখতার কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালার উদ্বোধন করেন। তিনি স্মার্ট বাংলাদেশ নীতির সাথে সঙ্গতি রেখে মোবাইল ফোনে ব্যবহার উপযোগী text transformative concept video ব্যবহার এবং ব্লেণ্ডেড লার্নিংয়ের গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বলেন আমাদের পাঠ সামগ্রী ওয়েববেজড এবং স্মার্ট করা হলে শিক্ষার্থীরা আরো সহজে শিখন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবেন।



ভারতের রাজস্থানের সঙ্গম বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ডক্টর মানস রঞ্জন পানিগ্রাহী এই কর্মশিবিরের মুখ্য প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ দিচ্ছেন। কর্মশিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল এবং রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ওপেন স্কুলে ডিন অধ্যাপক ড. সাবিনা ইয়াসমিনের সভাপতিত্বে কর্মশিবিরে বাউবির ৩২জন শিক্ষক অংশ নিচ্ছেন। কর্মশালাটি সম্বলনা করেন ওপেন স্কুলের শিক্ষক ড. মো: মিজানুর রহমান।

(ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)